দৈনিক
ইনকিলাব

তারিখ ... 18 FEB 2005
পৃষ্ঠা ... ৩ ... কলাম ...

# আজ শিক্ষক দিবস

রাবি সংবাদদাতা : আজ ১৮ ফেব্রুয়ারী। মহান শিক্ষক দিবস। এ দিনটি শুধু রাজশাহী বিশ্ববিদ্যালয়েরই নয়, সারাদেশের শিক্ষক সমাজের নিকট অত্যন্ত গুরুত্বপূর্ণ, স্মরণীয়। উনসত্তরের গণঅভ্যুত্থানকালে এই দিনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষক ড. শামসুজ্জোহা প্রক্টরের দায়িত্ব পালনকালে পাকিস্তানী হানাদার বাহিনীর গুলীতে নির্মমভাবে শহীদ হন। তিনিই এদেশের প্রথম শহীদ বুদ্ধিজীবী।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মেইন গেট দিয়ে সামান্য ভেতরে প্রবেশ করলেই প্রশাসন ভবনের সামনে দেখা ড. জোহার মাজার। এখানে চির নিদ্রায় শায়িত আছেন দেশের এক বীর সন্তান। বিশ্ববিদ্যালয়ের মেইন গেট সংলগ্ন জোহার গুলীবিদ্ধ হবার স্থানটিকে স্মরণীয় করে রাখতে সেখানে নির্মাণ করা হয়েছে 'জোহা স্মৃতি ফলক'। একটা ছাত্র হলেরও নামকরণ করা হয়েছে জোহার নামে।

**আজকের কর্মসূচী**

রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দিবসটি উপলক্ষে বিস্তারিত কর্মসূচী গ্রহণ করেছে। এর মধ্যে রয়েছে সকাল সাড়ে ৬টায় প্রশাসন ভবনসহ অন্যান্য ভবনে কালো পতাকা উত্তোলন, পৌনে ৭টায় জোহার মাজার ও জোহা স্মৃতিফলকে পুষ্পমাল্য অর্পণ ও সকাল ৯টায় সিনেট ভবনে জোহা স্মারক বক্তৃতার আয়োজন।